

## সম্মানিত সকল সদস্যগণের জন্য


তাং ০১/০৭/২০২৪ ইং

বিজ্ঞপ্তি নং: বিজিএ/আরবি/২০২৪/০২২

বিষয় : সেলস কন্ট্রাক্ট, মাস্টার এল/সি ও বিটিবি এল/সি সমূহে ধারা/শর্ত (Clause) অন্তর্ভুক্তকরণ।

এতদ্বারা সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অতিসম্প্রতি বিজিএমইএ'র একাধিক সদস্যের পক্ষ হতে এই মর্মে জানা যায় যে, বিভিন্ন বৈদেশিক ক্রেতা প্রতিষ্ঠান ইচ্ছাপ্রনোদিতভাবে এবং নিজস্ব খেয়াল-খুশী মোতাবেক বিজিএমইএ'র সম্মানিত সদস্য প্রতিষ্ঠানসমূহের রপ্তানীমূল্য পরিশোধে বিলম্ব করা/পরিশোধ না করাসহ নানাবিধ অনৈতিক সুবিধা নেওয়ার লক্ষ্যে বিভিন্নভাবে হয়রানীর চেষ্টা করে থাকে। যাহার প্রতিকার/সমাধানের নিমিত্তে জটিলতা সৃষ্টিকারী প্রতিষ্ঠানসমূহকে বিজিএমইএ পরিচালিত আরবিট্রেশন প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হলেও উক্ত প্রতিষ্ঠানসমূহ তা উপেক্ষার চেষ্টা করে/করে থাকে যার কারণে প্রতিষ্ঠানসমূহের সাথে সংঘটিত সমস্যা সমাধান করা বিজিএমইএ'র পক্ষে জটিলতর হয়। সংঘটিত সমস্যার সমাধান সহজতর করার লক্ষ্যে বিজিএমইএ'র পক্ষ হতে Sales contract, Master L/C এবং BTB L/C সমূহে নিম্নোক্ত ধারা **"If any dispute arise parties will follow the BGMEA Arbitration Rules"** অন্তর্ভুক্তির অভিপ্রায় ব্যক্ত করা হয়েছে।

এমতাবস্থায়, উপরোল্লিখিত সমস্যা এড়িয়ে চলার লক্ষ্যে বৈদেশিক ক্রেতা/স্থানীয় প্রতিষ্ঠানসমূহের সাথে পন্য আমাদানী/রপ্তানীসহ সমস্ত ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সম্মানিত সকল সদস্যগণ কে উল্লিখিত ধারা/শর্ত Sales contract, Master L/C, BTB L/C সমূহে অন্তর্ভুক্তির জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

  
মোঃ ফয়জুর রহমান  
মহা-সচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**  
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

D:\Arbitration Case file-2013-23\Kabir File\Fraud & Fake Buyer's Information\Circular for input Arbitration Clause to the LC.doc